



ভারতের বিশেষত্ব ভুয়া খবর: জিটিওকে দেওয়া সাক্ষাৎকারে প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

বাংলাদেশে হিন্দু সংখ্যালঘুদের ওপর নিপীড়নের অভিযোগকে ভিত্তিহীন বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। জিটিওকে দেওয়া সাক্ষাৎকারে তিনি বলেন, বর্তমানে ভারতের অন্যতম বিশেষ বৈশিষ্ট্যই হলো ভুয়া খবর। একইসঙ্গে তিনি অন্তর্বর্তী সরকারের প্রধান হওয়া, নির্বাচন পিছিয়ে যাওয়া, রোহিঙ্গা সংকট এবং আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধকরণসহ নানা বিষয়েও মতামত ব্যক্ত করেন।

বাংলাদেশে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস হিন্দু সংখ্যালঘুদের ওপর নিপীড়নের অভিযোগকে দৃঢ়ভাবে অস্বীকার করেছেন। তিনি বলেন, “বাংলাদেশে হিন্দুবিদ্বেষী সহিংসতা নেই। এখন ভারতের অন্যতম বিশেষত্ব হলো ভুয়া খবর।”

জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে নতুন ধারার সংবাদমাধ্যম জিটিওর সাংবাদিক মেহদি হাসানকে দেওয়া সাক্ষাৎকারে তিনি এসব মন্তব্য করেন। সাক্ষাৎকারটি ২৯ সেপ্টেম্বর প্রকাশ করে জিটিও।

২০২৪ সালের গণ-অভ্যুত্থানের পর ক্ষমতাচ্যুত হন শেখ হাসিনা। এর পর শান্তিতে নোবেলজয়ী অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে জনগণ অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে নির্বাচিত করে। নিজের নিয়োগ প্রসঙ্গে তিনি বলেন, “আমি বিস্মিত হয়েছিলাম। তবে অনিচ্ছা সত্ত্বেও তা মেনে নিয়েছিলাম। আন্দোলনকারীদের বলেছিলাম—আপনারা যদি এত কিছু ত্যাগ করতে পারেন, তবে আমিও আমার সিদ্ধান্ত বদলাব।”

সাক্ষাৎকারে আরও বিভিন্ন প্রশ্ন উঠে আসে। অধ্যাপক ইউনূস জাতীয় নির্বাচন পিছিয়ে যাওয়ার যৌক্তিকতা ব্যাখ্যা করেন, রোহিঙ্গা সংকট নিয়ে অবস্থান তুলে ধরেন এবং আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধকরণ সম্পর্কেও মত প্রকাশ করেন।